পুত্রবধুকে পিটিয়ে আহত করেছে শশুর

মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জের ধরে পুত্র বধু বিথী খাতুনকে (২০) পিটিয়ে আহত করেছেন তার শশুর।
সোমবার দুপুরের দিকে কথাকাটাকাটির এক পর্যায়ে শশুর তাকে মারধর করে। আহত বিথী খাতুন গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মামুন হোসেনের স্ত্রী।
আহতাবস্থায় বিথীকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়।
বিথীর মামা মিয়ারুল ইসলাম জানান, সৎ শাশুড়ির সাথে বিথীর কলহের জের ধরে তার শশুর পিটিয়ে আহত করে ।

গাংনীর শালদহ গ্রামে স্কুল ছাত্রীর আত্মহত্যার চেষ্টা!

গাংনীতে মায়ের সাথে অভিমান করে বীষ পান করে আত্মহত্যার ব্যার্থ চেষ্টা করেছে স্কুল ছাত্রী সুমাইয়া আক্তার মিলি (১৫)।
রোববার দিবাগদ মধ্যরাতে বাড়ির পাশে বসে বীষপান করে সে। পরে অসুস্থ অবস্থয় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন পরিবারের লোকজন।
মিলি গাংনী উপজেলার শালদহ গ্রামের বীলপাড়া এলাকার প্রবাসী উজ্জল হোসেনের মেয়ে। সে শালদহ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্রী।
মিলি বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। তার অবস্থা এখন উন্নতের দিকে বলে জানিয়েছেন স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরিফুল ইসলাম।

গাংনীর হোগলবাড়িয়াতে যুবকের বীষপান

পারিবারিক কলহের জের ধরে বীষপানে আত্মগত্যার চেষ্টা চালিয়েছে রিপন হোসেন (২৫) নামের এক যুবক। রিপন হোসেন গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের মোয়াজ্জেম হোসেনের ছেলে।
গতকাল শুক্রবার বেলা ১১ টার সময় তার নিজ ঘরে বীষ পান করলে অসুস্থ অবস্থায় তাকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েের ও পরে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরিফুল ইসলাম জানান, রিপন হোসেনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।
রিপন হোসেনের পিতা মোয়াজ্জেম হোসেন জানান, মায়ের কাছ থেকে টাকা চেয়ে না পেয়ে অভিমান করে বীষপান করে সে।

গাংনী মহিলা ডিগ্রি কলেজের গভর্ণিং বডির সভাপতি হলেন এম এ এস ইমন

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রি কলেজের গভর্ণিং বডির সভাপতি মনোনিত হয়েছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো : মশিউর রহমান সাক্ষরিত এক পরিপত্রে এ তথ্য জানা গেছে। তাঁকে এডহক ভিত্তিতে

আগামি ৬ মাসের জন্য এ দায়িত্ব দেওয়া হয়েছে। যার স্মারক নম্বর: জাতি/বি/৫১৯৪৮।

এম এ এস ইমন অনলাইন ভিত্তিক অনুমোদিত আইপি টিভি রাজধানী টিভির চেয়ারম্যান, সাপ্তাহিক ঢাকা থেকের প্রকাশক ও সম্পাদক, আনিশা গ্রুপ অব কোম্পানীর চেয়ারম্যান এবং বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রিয় প্রচার ও প্রকাশনা উপ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী. এর সাবেক পরিচালক ছিলেন।

গাংনীর কাজিপুরে মেম্বর প্রার্থীর পোষ্টার ছেঁড়ার অভিযোগ

তৃতীয় ধাপে অনুষ্ঠেয় গাংনীর উপজেলার কাজিপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনের ৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্য (মেম্বর) প্রার্থী ফারুক হোসাইনের পোষ্টার ছিড়ে ফেলার অভিযোগ উঠেছে।

শুক্রবার রাতের কোনো এক সময় কাজিপুর ইউনিয়নের কাজিপুর নিমসরণ পাড়াতে এ পোষ্টার ছেঁড়ার ঘটনা ঘটেছে।
তবে, ফারুক হোসাইন অভিযোগ করেছেন অপর প্রার্থী বর্তমান মেম্বর মনিরুল ইসলামের বিরুদ্ধে।

তিনি অভিযোগ করেন, আমার টিউবওয়েল মার্কার পোষ্টার ও বর্তমান মেম্বর প্রতিদ্বন্দ্বী প্রার্থী মনিরুল ইসলামের পোষ্টার নিমসরণপাড়া এলাকার বিভিন্ন দেয়াল ও দড়িতে বেঁধে পাশাপাশি টানানো ছিল। সেসব পোষ্টারের মধ্যে মনিরুল ইসলামের সবগুলো পোষ্টার অক্ষত থাকলেও আমার টিউবওয়েল মার্কার সব পোষ্টার ছেঁড়া রয়েছে। কোনো পোষ্টারের মাথা ছেঁড়া আবার কোনো পোষ্টারের প্রতীক ছেঁড়া। দঁড়ি দিয়ে যেসব পোষ্টার টানানো ছিল সেগুলো কেটে মাটিতে ফেলে দিয়েছে।
বিষয়টি আমি থানা এবং স্থানীয় পুলিশ ক্যাম্পে মৌখিকভাবে

জানিয়েছি।

এব্যপারে অপর প্রার্থী মানিরুল ইসলামের সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

নির্বাচনী সহিংসতা রুখতে প্রশাসনিক নজরদারি বাড়াতে হবে

২য় ধাপে মেহেরপুরের ৯টি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হলো গেল ১১ নভেম্বর। নির্বাচনের আগে ও পরে কয়েকটি ইউনিয়নে সহিংসতার ঘটনা ঘটে। সহিংসতায় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের লক্ষিনারায়ণপুর ধলা গ্রামে ২জনের প্রাণহানিসহ আহত হয়েছে অন্তত ২০ জন।

এসকল সহিংসতায় ব্যবহার করা হয়েছে দেশীয় অস্ত্র। তার মধ্যে রয়েছে হাসুয়া, লাঠি, বল্লম, রামদা, মাথাল, গিয়ার,টেটাসহ কয়েক প্রকারের অস্ত্র।

মেহেরপুরে নির্বাচনের দিন পুলিশ প্রশাসনের যে তৎপরতা লক্ষ্যে করা গেছে একই তৎপরতা তফসিল ঘোষনার পর থেকে শুরু হলে সহিংসতা এড়ানো যেত। নির্বাচন পূর্ব সময়ে বিভিন্ন ধরণের অস্ত্র উদ্ধারে পুলিশের অভিযানও দেখা যায়নি। তবে নির্বাচন পূববর্তী সময়ে র্যাবের অভিযানে দুজন আটক হয়েছে দুটি অস্ত্র সহ।

গত ৩ নভেম্বর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়াতে আওয়ামী লীগ প্রার্থীর নির্বাচনী কর্মীসভায় গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক প্রধান অতিথি হিসেবে যোগ দেন। ওই মঞ্চে প্রধান অতিথির সফরসঙ্গী হয়ে শর্টগান নিয়ে মঞ্চে প্রদর্শণ করেন হাবিবুর রহমান নামের এক ব্যক্তি। বিষয়টি নিয়ে তোলপাড় শুরু হলে পরদিন গাংনী থানা অস্ত্রটি জমা নেয়।

৮ নভেম্বর কাথুলী ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড লক্ষিনারায়ণপুর ধলা গ্রামে ইউপি সদস্য প্রার্থী আজমাইন হোসেন ভোট চাইতে গেলে প্রতিদ্বন্দ্বী প্রার্থী আতিয়ার রহমানের কর্মী তার উপর হামলা

নির্বাচন সহিংসতার বিষয়টি নিয়ে সামনে নিয়ে ২৮ নভেম্বরের নির্বাচন পূর্ববর্তী সময়ে পুলিশে আরো সজাগ হবে।

সহিংসতা, প্রাণহানির মধ্যে আতঙ্ক ছাপিয়ে দু একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়াই মেহেরপুরের ৯টি ইউপিতে নির্বাচন সুষ্ঠ হয়েছে। এমন নির্বাচন করতে সহায়তা করায় প্রশাসনকে সাধুবাদও জানিয়েছেন ভোটাররা। আমরা প্রত্যাশা করবো আগামি সকল নির্বাচন সুষ্ঠ হোক, সহিংস মুক্ত হোক। গণতন্ত্রের এ ধারা অব্যাহত থাকুক।

গাংনীতে আগ্নেয়াস্ত্রসহ মুকুল আটক

এক রাউন্ড গুলি, একটি ম্যাগজিন ও বিদেশী পিস্তলসহ বহুল আলোচিত সাহারবাটি গ্রামের মুকুল হোসেনকে গ্রেফতার করেছে র্যাব-৬ গাংনী ক্যাম্পের একটি টীম।

গ্রেফতারকৃত মুকুল হোসেন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের চারচারা পাড়া এলাকার নেক মহম্মদের ছেলে।

বুধবার (১০ নভেম্বর) বিকালে সাহারবাটি-গাংনী রোডের ইবাদৎখানা এলাকা থেকে মুকুল হোসেনকে গ্রেফতার করে র্যাবের একটি দল।

এসময় তার কাছ থেকে এক রাউন্ড গুলি, একটি ম্যাগজিন, একটি বিদেশী পিস্তল, নগদ ৬ হাজার ১৬০ টাকা ও একটি বাটন মোবাইল ফোন উদ্ধার করা হয়।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের কমান্ডার এএসপি তারিক আমান বান্না জানান, মুকুল হোসেন পিস্তুল নিয়ে গাংনীর দিকে আসছেন এমন সংবাদের ভিত্তিতে সাহারবাটি গ্রামের সন্নিকটে ইবাদৎখানা এলাকায় অবস্থান নেয় র্যাবের একটি টিম। র্যাবের উপস্থিতি টের পেয়ে মুকুল পালানোর চেষ্টা করে। পরে তাকে আটক করতে সক্ষম হয় র্যাবের টিমটি। তার দেহ তল্লাশী করে আগ্নেয়াস্ত্র, গুলি ভর্তি ম্যাগজিন নগদ টাকা ও একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। তাকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে

আগ্নেয়াস্ত্র আইনে মামলা দিয়ে রাতে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

স্থানীয়রা জানান, মুকুল হোসেন বর্তমানে একজন সুদ ও দাদন কারবারী। এক সময় সে র্যাবের দালাল পরিচয় দিয়ে নানাভাবে এলাকার নিরীহ মানুষ জনকে হয়রানী করতো। সেই বহুল আলোচিত মুকুল হোসেন আজ র্যাবের হাতে আগ্নেয়াস্ত্রসহ আটক হওয়ার খবরে এলাকায় চরম আলোচনা শুরু হয়েছে।

তেতুলবাঁড়ীয়া ইউপির বিদ্রোহী প্রার্থী নাজমুল হুদা বহিষ্কার

মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়ীয়া ইউপিতে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী হওয়ায় নাজমুল হুদাকে বহিস্কার করেছে দল।

পরপর দুই বার দলীয় বিরোধী হয়ে ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নিয়ে শৃঙ্খলা ভঙ্গ করার অপরাধে উপজেলা আওয়ামী লীগ থেকে নাজমুল হুদাকে বহিস্কার করা হয়েছে।

বহিস্কৃত নাজমুল হুদা গাংনী উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সদস্য।

গত ৮ নভেম্বর উপজেলা আওয়ামী লীগ সভাপতি সাহিদুজ্জামান এমপি ও সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

উল্লেখ্য, আগামীকাল বৃহস্পতিবার ১১ নভেম্বর ২য় ধাপে মেহেরেপুরের ৯টি ইউপিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। তার মধ্যে গাংনী উপজেলার তেতুলবাড়ীয় ইউপি রয়েছে। ওই ইউপি নির্বাচনে পরপর দুই বার দলের বিদ্রোহী তিনি নির্বাচনে অংশ নিচ্ছেন।

গাংনীতে দুই ভাই খুনের ঘটনায় আতিয়ার রহমানসহ ৬৬ জনকে আসামি করে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের লক্ষিনারায়ণপুর ধলা গ্রামের জোড়া খুনের ঘটনায় সদস্য প্রার্থী ও উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমানকে কে প্রধান করে মামলা দায়ের করা হয়েছে। মামলায় ৬৬ জনকে আসামি করা হয়েছে।

নিহতের ভাই বেল্টু মিয়া বাদী হয়ে মঙ্গলবার দিবাগত রাতে দেড়টার দিকে মামলাটি দায়ের করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান এ তথ্য নিশ্চিত করে জানান, আসামীদের গ্রেফতারে জোর প্রচেষ্টা চলছে। গ্রেফতার এড়াতে প্রধান আসামী আতিয়ার রহমানসহ সবাই গা ঢাকা দিয়েছেন।

গত ৮ নভেম্বর রোববার সকালের দিকে কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থী আজমাইন হোসেন টুটুল পশ্চিমপাড়া এলাকায় ভোট চাইতে যান। ফিরে আসার সময় প্রতিপক্ষ মেম্বর প্রার্থী আতিয়ার রহমানসহ তার ভাই মহব্বত আলীর নেতৃত্বে আরও কয়েকজন তাকে ধরে নিয়ে মাঠের মধ্যে নিয়ে যাচ্ছিল। এসময় তারা আজমাইন হোসেন টুটুলকে কুপিয়ে মারাত্বক আহত করেন।

খবর পেয়ে টুটুলের মামাত ভাই সাহাদুল ইসলাম ও জাহারুল ইসলাম তাকে বাঁচাতে ছুটে যায়। সেখানেই জাহারুল ইসলাম ও সাহাদুল ইসলামকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে। তাদের উদ্ধার করতে গেলে আরো ১৫/২০ জনকে তারা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে।

আতিয়ার রহমানের নেতৃত্বে নিহতদের অপর ভাই এনামুল ইসলাম নইলুকে ২০১৭ সালের ১৭ জুলাই মাইলমারী গ্রামের রাস্তার উপর রামদা দিয়ে কুপিয়ে হত্যা করে। এছাড়া ২০০৯ সালে অপর ভাই সেন্টু হোসেনকে শালিস বৈঠক চলাকালে কুপিয়ে হত্যা করে। মেম্বর প্রার্থী হলে আজমাইন হোসেন টুটুলকে ও হত্যা করার আগাম হুমকী দিয়েছিলে আতিয়ার

রহমান।

উল্লেখ্য, দ্বিতীয় ধাপে আগামীকাল বৃস্পতিবার গাংনী উপজেলার ৫ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড লক্ষিনারায়নপুর ধলা গ্রামে বর্তমান সদস্য আজমাইন হোসেন টুটুল ও সাবেক সদস্য আতিয়ার রহমান প্রতিদ্বন্দ্বিতা করছেন। তফসিল ঘোষনার পর থেকেই গ্রামের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছিল। আতিয়ার রহমান প্রতিপক্ষ টুটুলকে হত্যা করারও ঘোষণা দিয়ে আসছিলেন বলে অভিযোগ করেছেন টুটুলের পক্ষের লোকজন। সাহাদুল ও জাহারুল জোড়া খুনের ঘটনার মধ্যে দিয়ে সমাপ্ত হলো সে হুমকী।

গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে মোটরসাইকেল চালকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে রাকিবুল ইসলাম (২২) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন।

বুধবার দিবাগত রাত ১১ টায় উপজেলার হিন্দা গ্রামে মর্মান্তিক এ ঘটনা ঘটে। রাকিবুল ইসলাম হিন্দা গ্রামের আব্দুল বারীর ছেলে। এ ঘটনায় প্রবাসী বয়েন উদ্দীনের ছেলে মোটরসাইকেল মালিক জনি আহত হয়েছে।

স্থানীয়রা জানায়, রাকিবুল ইসলাম মোটরসাইকেল চালিয়ে জনিকে সাথে নিয়ে হিন্দা পশ্চিমপাড়া থেকে কবরস্থানের পাশ দিয়ে পূর্বপাড়ার নিজ বাড়িতে যাচ্ছিলেন। পথিমধ্যে কবরস্থানের পাশে পৌছালে প্রচীরের সাথে ধাক্কা লেগে তারা দুজন গুরুত্বর আহত হয়। আহতদের উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক রাকিবুল ইসলামকে মৃত ঘোষনা করেন। এছাড়া আহতবস্থায় জনিকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়িতে পাঠানো হয়। এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন ইউপি সদস্য মো: জাকির হোসেন।

গাংনী থানার ওসি মো: বজলুর রহমান জানান, মোটরসাইকেল দুর্ঘটনায় মৃত্যু’র ঘটনায় একটি অপমৃত্যু’র মামলা হবে।